

# প্রাথমিক সমাপনী পরীক্ষা জেলাভিত্তিক প্রশ্নে

নিজস্ব প্রতিবেদক >

সারা দেশে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা (পিএসসি) শুরু হচ্ছে আগামী রবিবার। পঞ্চদশ শ্রেণির এ সমাপনী পরীক্ষায় এবার মোট পরীক্ষার্থী ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন। পরিসংখ্যান অনুসারে, গত বছরের তুলনায় শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে প্রায় দেড় লাখ। এবারের প্রশ্নপত্র ফাঁস ঠেকাতে জেলাভিত্তিক প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর গণিতের আগে উক্ত ও শনিবারের বিরতি ছাড়া পরীক্ষায় আর কোনো বিরতি থাকছে না। গতকাল সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এসব তথ্য জানান।

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে জানানো হয়, গত বছর প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে

৩০ লাখ ৯৫ হাজার ৩২১ জন শিক্ষার্থী অংশ নিয়েছিল। এই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে এক লাখ ৫৯ হাজার ১৯৩ জন। মোট পরীক্ষার্থীর মধ্যে প্রাথমিক সমাপনীতে রয়েছে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ জন। এর মধ্যে ছাত্র ১৩ লাখ ৫৬ হাজার ৫৫৫ ও ছাত্রী ১৫ লাখ ৯২ হাজার ৫০৮ জন। ইবতেদায়ি সমাপনীতে পরীক্ষার্থী রয়েছে তিন লাখ পাঁচ হাজার ৪৫১ জন। এর মধ্যে ছাত্র এক লাখ ৬০ হাজার ৫৬১ ও ছাত্রী এক লাখ ৪৪ হাজার ৮৯০ জন। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা দুই লাখ ৩৫ হাজার ৯৫৩ বেশি। সারা দেশে সাত হাজার ৫২টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রাথমিক সমাপনীর জন্য দেশের বাইরে

শিক্ষার্থী সাড়ে  
৩২ লাখ

১১টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে।

প্রতিটি পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মিনিট সময় বেশি রাখা হয়েছে। মোট ছয়টি বিষয়ে পরীক্ষা নেওয়া হবে। প্রতি বিষয়ে ১০০ করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষাসচিব নেছরাহ উল আলম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীর উপস্থিত ছিলেন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, ২০০৯ সাল থেকে প্রাথমিক সমাপনী এবং এর পরের বছর থেকে ইবতেদায়ি সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে এবার জেলাভিত্তিক প্রশ্নে পরীক্ষা গ্রহণে উদ্যোগ নেওয়া হয়েছে। সে জন্য ৬৪ জেলাকে

বিশেষ আটটি অঞ্চলে ভাগ করা হয়েছে। নতুন ব্যবস্থায় একটি এলাকায় প্রশ্নপত্র ফাঁস হলে তার প্রভাব সারা দেশে পড়বে না। প্রাথমিক সমাপনীর সূচি : ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৫ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৯ নভেম্বর গণিত পরীক্ষা হবে।

ইবতেদায়ি সমাপনীর সূচি : ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ ও পরিবেশ পরিচিতি বিজ্ঞান, ২৫ নভেম্বর আরবি, ২৬ নভেম্বর কুরআন ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ, ২৯ নভেম্বর গণিত পরীক্ষা হবে।